Achieved by Walton HIL

**ISO 9001: 2015, ISO 14001: 2015 &**
**ISO 45001: 2018 Certified Company**


**ওয়ালটন সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেম (সেন্ট্রাল)**

চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর, বাংলাদেশ, e-mail: support@waltonbd.com


সকলের জন্য উন্নত গ্রাহকসেবা নিশ্চিত করার লক্ষ্যে ঠিকানা ও অন্যান্য তথ্যাবলি পরিবর্তন হতে পারে।

**যেকোনো সার্ভিস/তথ্যের জন্য যোগাযোগ করুন: 16267 অথবা 09612316267**

waltonbd.com

# WALTON

It's our product

## ইলেকট্রিক ওভেন

# ওয়ারেন্টি কার্ড ও ব্যবহারবিধি




**মডেল: WEO-J28EDK**

**ধারণক্ষমতা : ২৮ লিটার**

**ওয়ালটন ইলেকট্রিক ওভেন ব্যবহার করার জন্য অসংখ্য ধন্যবাদ।**

ওভেনটি ব্যবহার করার পূর্বে ব্যবহার নির্দেশনাবলি ভালোভাবে পড়ে নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

## সূচিপত্র

১. প্রোডাক্ট স্পেসিফিকেশনস ........ ১

২. গুরুত্বপূর্ণ নিরাপত্তা নির্দেশনাবলি ........ ১-৪

৩. সাধারণ তথ্য ........ ৫-৬

৪. ব্যবহারের পূর্বে করণীয় ........ ৬

৫. ওভেনের ব্যবহার ........ ৬

৬. রোটিসেরির ব্যবহার ........ ৭

৭. গ্রিল কুকিং ........ ৭

৮. ব্যবহার পরবর্তী করণীয় ........ ৮

৯. রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কারকরণ ........ ৮

## প্রোডাক্ট স্পেসিফিকেশনস

| | |
|---|---|
| মডেল | WEO-J28EDK |
| পাওয়ার ভোল্টেজ | 220-240V~ 50 Hz |
| পাওয়ার | ১৫০০ ওয়াট |
| ওভেন ধারণক্ষমতা | ২৮ লিটার |

## গুরুত্বপূর্ণ নিরাপত্তা নির্দেশনাসমূহ

পণ্যটি ব্যবহার করার সময় নিম্নবর্ণিত সাধারণ নিরাপত্তা নির্দেশনাবলি অবশ্যই অনুসরণ করতে হবে।

১. ওভেনটি ব্যবহার করার পূর্বে এর জন্য প্রয়োজনীয় ভোল্টেজ সম্পর্কে নিশ্চিত হয়ে নিন।

২. এই যন্ত্রটি ৮ বছরের অধিক যেকোনো শিশু বা ব্যক্তি যারা শারীরিকভাবে অক্ষম, মানসিক ভারসাম্যহীন, অনভিজ্ঞ ও অদক্ষ ব্যক্তিরাও ব্যবহার করতে পারবেন, যদি তাদেরকে নিরাপত্তাসহ যন্ত্রটির ব্যবহার, রক্ষণাবেক্ষণ বা নির্দেশনা সঠিকভাবে দেয়া হয়ে থাকে এবং বুঝে যে এর সাথে বিপদ জড়িত আছে।

৩. ওভেনের পাওয়ার কর্ডটি শিশুদের নাগালের বাইরে রাখুন।

৪. ওভেনটি নিয়মিত পরিষ্কার ও উচ্ছিষ্ট খাদ্য জমাট দূর করা উচিত।

৫. প্লাস্টিক অথবা কাগজের পাত্রে খাবার গরম করার সময় ওভেনের দিকে লক্ষ্য রাখুন, কারণ অগ্নিকান্ডের সম্ভাবনা থাকতে পারে।

৬. যদি ধোঁয়া নির্গত হয় তবে যন্ত্রটি বন্ধ করুন ও প্লাগটি খুলে দিন এবং অগ্নিশিখা রোধ করতে দরজাটি বন্ধ রাখুন।

৭. ওভেনের ভেতরের জায়গাটুকু কোনো কিছু সংরক্ষণের উদ্দেশ্যে ব্যবহার করবেন না।

৮. সংরক্ষণের জন্য রুটি, বিস্কুট ইত্যাদি ওভেনের ভেতর রাখবেন না।

৯. শুধুমাত্র প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ওভেনটি স্থাপন করুন।

১০. এই ওভেনটি গৃহস্থালি এবং অনুরুপ কাজের জন্য ব্যবহৃত হয়, যেমনঃ

- দোকান,অফিস এবং অন্যান্য কর্ম পরিবেশের কর্মচারীদের রান্নাঘরের জন্য।
- হোটেল, মোটেল এবং অন্যান্য আবাসিক পরিবেশের ক্লায়েন্টদের জন্য।
- ফার্মহাউজের জন্য।
- পারিবারিক পরিবেশের জন্য।

১১. যদি সাপ্লাই তারটি ক্ষতিগ্রস্ত হয় তবে বিপদ এড়াতে প্রস্তুতকারক এবং সেবা প্রতিনিধি অথবা অনুরুপ দক্ষ ব্যক্তি দ্বারা প্রতিস্থাপন করতে হবে।

১২. যন্ত্রটি ঘরের বাহিরে ব্যবহার করবেন না বা ফেলে রাখবেন না।

১৩. যন্ত্রটি পানি, স্যাঁতসেঁতে জায়গা বা সুইমিং পুলের পাশে ব্যবহার করবেন না।

১৪. যন্ত্রটি চালানো অবস্থায় এর উপরিপৃষ্ঠের তাপমাত্রা বেড়ে যেতে পারে। যন্ত্রটি চললে তাপমাত্রা বৃদ্ধি পাবেই। ওভেনের উপরিপৃষ্ঠ বা অন্য কোনো অংশ কোনো কাপড় বা অন্য কিছু দিয়ে ঢেকে রাখবেন না। এতে বায়ু সঞ্চালন বিঘ্নিত হবে।

১৫. পাওয়ার কর্ডটি টেবিল বা কাউন্টারের কিনারে ঝুলতে দিবেন না।

১৬. চুলাটি পরিচ্ছন্ন অবস্থায় পরিচালনায় ব্যর্থ হলে বিপজ্জনক অবস্থার সৃষ্টি হতে পারে এবং ওভেনটির স্থায়িত্বের উপর প্রভাব পড়তে পারে।

১৭. ফিডিং বোতল এবং বেবি ফুড পাত্রের উপাদানসমূহ ঝাঁকিয়ে দিন এবং খাবারের তাপমাত্রা পরীক্ষা করে নিন যাতে মুখ/জিহ্বা পুড়ে না যায়।

১৮. যন্ত্রটি তাদের জন্য নয় যারা শিশু, শারীরিকভাবে অক্ষম, মানসিক ভারসাম্যহীন, অনভিজ্ঞ ও অদক্ষ। যদি তাদেরকে যন্ত্রটি ব্যবহার, রক্ষণাবেক্ষণ বা নির্দেশনা দেয়া না হয়ে থাকে।

১৯. শিশুদের প্রতি লক্ষ্য রাখা উচিত যাতে তারা যন্ত্রটি নিয়ে খেলা না করে।

২০. যন্ত্রটি বাহ্যিক কোনো টাইমার বা রিমোট কন্ট্রোল দ্বারা পরিচালিত হয় না।





২১. যন্ত্রটি ব্যবহারের সময় প্রবেশযোগ্য অংশ গরম হতে পারে। তাই শিশুদের দূরে রাখুন।

২২. স্টিম ক্লিনার ব্যবহার করবেন না ।

২৩. যন্ত্রটি ব্যবহারের সময় গরম হয়। সতর্ক থাকবেন যাতে ওভেনের ভেতরের কোনো অংশের সাথে স্পর্শ না লাগে। বিশেষত উপরের কয়েলের সাথে যেন হাত না লাগে।

২৪. শুধুমাত্র এই ওভেনটির জন্য প্রস্তাবিত তাপমাত্রা প্রোব (Temperature probe) ব্যবহার করুন। (বিশেষ কিছু মডেলের ওভেনের জন্য প্রোব দেয়া হয়।)

২৫. ওভেন এরূপভাবে স্থাপন করতে হবে যেন পেছনে দেয়াল থাকে।

২৭. যদি যন্ত্রটিতে কোনো সমস্যা দেখা দেয় তাহলে কখনোই নিজে তা মেরামত করতে যাবেন না। এমনটি করা বিপজ্জনক তাছাড়া তা পণ্যের ওয়ারেন্টি শর্তাবলি ভঙ্গ করবে। সমস্যা দেখা দিলে অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।

২৮. কাজ শেষ হয়ে গেলে প্রথমে ওভেনটি বন্ধ করে তারপর প্লাগ খুলুন।

২৯. অব্যবহৃত থাকলে অথবা রক্ষণাবেক্ষণের সময় ওভেনটির প্লাগ মেইন সকেট থেকে খুলে ফেলুন। কখনোই প্লাগের তার ধরে টান দিবেন না। সাবধানে প্লাগ ধরে খুলুন।

৩০. ট্রে বের করার সময়, উত্তপ্ত গ্রিজ অথবা তেল নিষ্কাশনের সময় সাবধানতা অবলম্বন করুন।

৩১. ধারণক্ষমতার অতিরিক্ত খাবার ওভেনে দেয়া যাবে না। এর ফলে দুর্ঘটনা ঘটতে পারে।

৩২. খাবার তৈরি অথবা গরম করার ক্ষেত্রে মানসম্পন্ন ধাতব ও সিরামিকের পাত্র ব্যবহার করুন।

৩৩. ওভেনটির সাথে সরবরাহকৃত এক্সেসোরিজ ব্যতীত অন্য কোনো এক্সেসোরিজ ব্যবহার করা থেকে বিরত থাকুন।

৩৪. খাবার ওভেনে দেয়ার সময় ও বের করার সময় সর্বোচ্চ সাবধানতা অবলম্বন করুন।

৩৫. ওভেনের দরজাটি সম্পূর্ণ না খোলা পর্যন্ত তা ভালো করে ধরে রাখুন।

**বিশেষ দ্রষ্টব্যঃ ওভেনটি ১৬ অ্যাম্পিয়ারের সকেটে সংযোগ দেবেন**

**ব্যক্তিগত ঝুঁকি এড়াতে করণীয়**

**গ্রাউন্ডিং ইনস্টলেশন:**

**বৈদ্যুতিক শক:** ওভেনের কিছু অভ্যন্তরীণ উপাদান স্পর্শের কারণে ব্যক্তিগত মারাত্মক ক্ষতি হতে পারে। তাই যন্ত্রটি খুলে ইনস্টল করবেন না।

**সতর্কতা:**

১. গ্রাউন্ডিং-এর ভুল ব্যবহারের কারণে বৈদ্যুতিক শক হতে পারে।

২. যন্ত্রটি সঠিকভাবে গ্রাউন্ডিং এবং স্থাপিত হওয়ার আগ পর্যন্ত কোনো আউটলেটে সংযোগ দিবেন না।

৩. যন্ত্রটি গ্রাউন্ডেড করতে হবে। বৈদ্যুতিক শর্ট সার্কিটের ঘটনার সময় গ্রাউন্ডিং একটি অব্যহতি প্রবাহ প্রদানের মাধ্যমে বৈদ্যুতিক শকের ঝুঁকি কমায়।

এই যন্ত্রটির গ্রাউন্ডিং কর্ড গ্রাউন্ডিং প্লাগের সাথে সজ্জিত থাকে। প্লাগটি ভালোভাবে আউটলেটে সংযুক্ত করতে হবে, যা সঠিকভাবে স্থাপিত এবং গ্রাউন্ডেড হয়েছে।

যদি গ্রাউন্ডিং নির্দেশনা সঠিকভাবে না বুঝে থাকেন বা যদি সন্দেহ হয় যে যন্ত্রটি সঠিকভাবে গ্রাউন্ডেড হয়েছে কিনা, তবে দক্ষ ইলেকট্রিশিয়ান অথবা সার্ভিসম্যানের সাথে পরামর্শ করুন।

যদি অতিরিক্ত কর্ড ব্যবহারের প্রয়োজন হয় তবে ১টি 3-Wire Extension কর্ড ব্যবহার করুন।

একটি লম্বা কর্ড থেকে জড়িত বিপদ কমাতে একটি শর্ট পাওয়ার সাপ্লাই কর্ড প্রদান করা হয়েছে।

যদি একটি লম্বা কর্ড সেট অথবা Extension তার ব্যবহার করা হয়:

১. কর্ড সেটটির চিহ্নিত বৈদ্যুতিক রেটিং অথবা Extension কর্ডটি, যন্ত্রটির বৈদ্যুতিক রেটিংয়ের সাথে মিল থাকতে হবে।

২. Extension কর্ডটি অবশ্যই 3-Wire কর্ড হতে হবে।

৩. লম্বা কর্ডটি সাবধানে রাখা উচিত যাতে Counter-এর উপর বা টেবিলের কিনারে ঝুলে না থাকে, কারণ এটা শিশুদের দ্বারা বা অনিচ্ছাকৃতভাবে টান লেগে যেতে পারে।





**আনুষঙ্গিক উপকরণসমূহ**

* বেইক প্যান
* বেইক র‍্যাক
* প্যান হ্যান্ডেল
* রোটিসেরি সেট

**ওভেনটির বিভিন্ন অংশ**





১. থার্মোস্ট্যাট ডায়াল
২. রোটিসেরি এবং হিটিং ডায়াল
৩. টাইমার
৪. পাওয়ার ইনডিকেটর
৫. গ্লাস ডোর
৬. বেইক প্যান
৭. বেইক র‍্যাক
৮. প্যান হ্যান্ডেল
৯. রোটিসেরি হ্যান্ডেল
১০. স্পিট সাপোর্ট
১১. স্পিট
১২. স্কিউয়ার
১৩. থাম্ব স্ক্রু
১৪. ড্রাইভ সকেট

## সাধারণ তথ্য

**রোটিসেরি এবং হিটিং ডায়াল**

১. টপ হিটিং
২. বটম হিটিং
৩. টপ অ্যান্ড বটম হিটিং
৪. টপ হিটিং অ্যান্ড রোটিসেরি
৫. বটম হিটিং অ্যান্ড রোটিসেরি
৬. টপ অ্যান্ড বটম হিটিং অ্যান্ড রোটিসেরি




## ব্যবহারের পূর্বে করণীয়

- নিশ্চিত করুন যে ওভেনটির চতুর্দিকে যথেষ্ট বাতাস চলাচলের ব্যবস্থা আছে।
- নিশ্চিত করুন যে ব্যবহারের পূর্বে ওভেনটি শুকনো আছে।
- ওভেনটি কাঠের উপর স্থাপন করলে কাঠটি অবশ্যই শুকনো হতে হবে। এছাড়াও এটি তাপ অপরিবাহী কোনো কিছুর উপর স্থাপন করুন।
- ওভেনের পায়াগুলোর কারণে টেবিলের উপর দাগ পড়ে যেতে পারে। এরকমটি হলে ভেজা কাপড় দিয়ে দাগ মুছে ফেলুন।

## ওভেনের ব্যবহার

- কাঙ্খিত তাপমাত্রার জন্য থার্মোস্ট্যাট ডায়ালটি ঘড়ির কাটার দিকে ঘুরান।
- রোটিসেটর সিলেক্টর ডায়ালটি কাঙ্খিত পজিশনে নিন।
- হিটিং সিলেক্টর ডায়ালটি কাঙ্খিত পজিশনে নিন।
- টাইমার ডায়ালটি ঘুরিয়ে কাঙ্খিত কুকিং টাইমের পজিশনে নিন।
- টাইমার অন করার পরে পাওয়ার ইনডিকেটরটি জ্বলে উঠবে। টাইমার অফ করলে ইনডিকেটরটি অফ হয়ে যাবে।
- কুকিং টাইম শেষ হয়ে গেলে, টাইমারটি বন্ধ হয়ে যাবে ও বেল বেজে উঠবে।
- সেটকৃত কুকিং টাইমের পূর্বেই যদি কুকিং শেষ হয়ে যায় তাহলে ওভেন বন্ধ করতে টাইমারটি অফ করে দিন।
- ওভেনটি প্রথমবার ব্যবহার করার সময় এটি থেকে কিছু ধোয়া নির্গত হতে পারে। এটি স্বাভাবিক। ৫-১০ মিনিট পরে আর ধোয়া নির্গত হবে না।
- অধিকতর ভালো ফলাফল পেতে হলে, ওভেনটি ব্যবহার করার পূর্বে ১০-১৫ মিনিটের জন্য প্রি-হিট করে নিন।



## রোটিসেরির ব্যবহার

- স্পিটের সুক্ষ্ম প্রান্ত দিয়ে একটি স্কিউয়ার রাখুন, নিশ্চিত করুন যেন স্কিউয়ারের পয়েন্টগুলো স্পিটের বর্গাকার প্রান্তের দিকে থাকে।
- যে খাবারটি আপনি রোস্ট করতে চান সেটির মাঝ বরাবর স্পিটটি প্রবেশ করান।
- অন্য স্কিউয়ারটি স্পিটের সুক্ষ্ম প্রান্ত দিয়ে প্রবেশ করান যেন স্কিউয়ারের ফেসগুলো স্পিটের স্কয়ারের প্রান্তগুলোর দিকে থাকে।
- স্কিউয়ার দুটি খাবারের ভেতরে ঢুকিয়ে দিন এবং থাম্বস্কিউয়ারের সাথে উভয় স্কিউয়ার আটকে দিন।
- নিশ্চিত করুন যেন খাবারটি স্পিটের মাঝ বরাবর থাকে।
- স্পিটের সুক্ষ্ম প্রান্তটি ড্রাইভ সকেটে প্রবেশ করান। নিশ্চিত হয়ে নিন যেন স্পিটের স্কয়ার প্রান্তটি স্পিট সাপোর্টের সাথে থাকে।
- ওভেনের প্লাগ দিন।
- টেম্পারেচার ডায়াল ঘুরিয়ে ২৫০°সে. এ সেট করুন।
- টাইমারে আপনার কাঙ্খিত টাইম সেট করুন পাওয়ার ইনডিকেটরটি জ্বলে উঠবে। সাধারণত ২.৫ কেজি ওজনের একটি মুরগি রোস্ট হতে ৩০ মিনিট সময় প্রয়োজন হয়।
- রোটিসেরি সেটিং সিলেক্ট করুন। রোটিসেরিটি ঘুরতে শুরু করবে।
- রোটিসেরি সম্পূর্ণ হয়ে গেলে টাইমারটি অফ করে দিন।
- ওভেন ঠান্ডা হয়ে গেলে, রোটিসেরি হ্যান্ডেলের হুকগুলো স্পিটের উভয় পার্শ্বের গ্রুভগুলোর নিচে সেট করুন। প্রথমে স্পিটটি ডান দিক থেকে সরিয়ে নিন যাতে স্পিটটির বাম প্রান্ত ড্রাইভ সকেট থেকে বের হয়ে আসে। তারপর সাবধানে ওভেন থেকে রোস্টকৃত খাবার বের করে আনুন।
- স্পিট থেকে খাবার আলাদা করে নিন।

## গ্রিল কুকিং

- ওভেনের ডোরটি ওপেন পয়েন্টে রাখুন।
- সিলেক্টরটি গ্রিল সেটিং-এ নিন।
- টেম্পারেচার ডায়াল ঘুরিয়ে ২৫০°সে. এ সেট করুন।
- কাঙ্খিত গ্রিল টাইমে টাইমারটি সেট করুন।
- গ্রিল শেষে ওভেন বন্ধ করতে টাইমারটি অফ করে দিন।

## ব্যবহার পরবর্তী করণীয়

- টাইমারটি অফ করে দিন।
- রোটিসেরি সিলেক্টরের ডায়াল অফ করুন।
- হিটিং সিলেক্টর ডায়াল অফ করুন।
- ওভেনটি আনপ্লাগ করুন।
- পরিষ্কার বা অন্য কোনো রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ করতে হলে ওভেনটি ঠান্ডা হওয়া পর্যন্ত অপেক্ষা করুন।

## রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কারকরণ

- পরিষ্কার করার পূর্বে ওভেনের প্লাগটি খুলে ফেলুন এবং ওভেনটি ঠান্ডা হতে দিন।
- ওভেনটি পানিতে নিমজ্জিত করবেন না। একটি নরম কাপড় পানিতে ভিজিয়ে অ্যাপ্লায়েন্সটি পরিষ্কার করুন।
- যদি কাপড় দিয়ে মোছার পরেও দাগ রয়ে যায় তাহলে সাবান ব্যবহার করুন।
- প্রোডাক্টটি পরিষ্কার করার জন্য অমসৃণ অথবা তীক্ষ্ণ কিছু ব্যবহার করবেন না।
- পরিষ্কার ভেজা কাপড় দিয়ে ওভেনের ভেতরের অংশ পরিষ্কার করুন।

পণ্যের গুণগত মান ও নকশার উন্নয়ন সাধনে, কোনো রকম পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই আমরা পণ্যটির যেকোনো পরিবর্তন আনার অধিকার রাখি।



# ওয়ালটন

ওয়ারেন্টি কার্ড

| | ওয়ারেন্টি কাঠামো | | |
|---|---|---|---|
| ব্যবহারের প্রকৃতি | মেইন পার্টস | স্পেয়ার পার্টস সাপোর্ট | বিক্রয়োত্তর সেবা |
| আবাসিক | ১ বছর | ১ বছর | ১ বছর |

গ্রাহকের নাম :..........................................

ঠিকানা :..........................................

টেলিফোন/মোবাইল :.......................... ই-মেইল:..........................

বিক্রয়ের তারিখ

| তারিখ | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

বারকোড নাম্বার

পরিবেশক/বিক্রেতা :

..........................
ক্রেতার স্বাক্ষর

..........................
পরিবেশক/বিক্রেতার সীল এবং স্বাক্ষর

### যে কারণে ওয়ারেন্টি কার্যকর হবে না

১. পণ্যটির কোনোরূপ অপব্যবহার, নিয়ম না মেনে চালানো, খাবার ছাড়া অন্য কিছু গরম করার জন্য ওভেন চালালে, ওয়ালটন অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কাউকে দিয়ে ওভেন খোলা হলে ওয়ারেন্টি বাতিল বলে গণ্য হবে।

২. দুর্ঘটনা, ইলেকট্রিক লাইনে ত্রুটি, অস্বাভাবিক কারণে, ব্যবহারকারীর ভুল চালানোর কারণে পণ্যটির ক্ষতিসাধন হলে পণ্যটি ওয়ারেন্টি পাবে না।

৩. বারকোড ও QC Sticker খুলে ফেললে ওয়ারেন্টি বাতিল হবে।

৪. ওভেনের ভেতর যদি কোনো কারণে পানি ঢুকে যন্ত্রটির ক্ষতি হয় তবে ওয়ারেন্টি বাতিল বলে গণ্য হবে।

৫. ওভেনের গ্লাসডোর, গ্লাস ট্রে পার্টস ভেঙ্গে গেলে ব্যবহারকারীকে তা সার্ভিস সেন্টার থেকে নতুন করে কিনে নিতে হবে।

৬. ভুল সকেটে সংযোগ দিয়ে চালানোর ফলে যদি পাওয়ার কর্ডে কোনোরূপ ক্ষতিসাধন হয় তবে তার জন্য ওয়ারেন্টি সুবিধা পাবে না।

৭. ওভেন চলমান অবস্থায় অসাবধানতাবশত ব্যবহারকারী উক্ত স্থান পরিত্যাগ করলে অধিক তাপ উৎপন্ন হবার কারণে ওভেনে সমস্যা হলে ওয়ারেন্টি পাবে না।

৮. পণ্যটির বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে ওয়ারেন্টি সুবিধা পাবে না।